মোংলায় ডেঙ্গু মশা ও ডেঙ্গু জ্বর নিয়ন্ত্রনে সমন্বিত কর্মসূচী পালন

ডেঙ্গু মশা ও ডেঙ্গু জ্বর” নিয়ন্ত্রণে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মোংলা উপজেলা প্রশাসনের আয়োজনে জেলাব্যাপী একযোগে একই সময়ে পরিস্কার পরিচ্ছন্নতার জন্য সমন্বিত কর্মসূচী (ক্রাস প্রোগ্রাম) পালন করা হয়েছে।

কর্মসূচী অংশ হিসেবে বালুর মাঠ, শ্রম কল্যান রোড, প্রেসক্লাব রোড়, ট্রেডার্স মসজিদ রোডসহ বিভিন্ন এলাকায় প্রচার ও পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়।
অভিযানে উপজেলা চেয়ারম্যান আবু তাহের হাওরাদার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নবনীতা দত্ত, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আনোয়ারুল কুদ্দুস, সমাজসেবা কর্মকর্তা এসএম মাসুদ রানাসহ বিভিন্ন স্কুল ও কলেজের শিক্ষক, শিক্ষার্থী এবং নৌ স্কাউটস এর ইউনিট লিডার্স ও স্কাউটসরা অংশগ্রহণ করে।
কর্মসুচীর শুরুতে তারা জনগনের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যানার ফেস্টুন এবং ডেঙ্গু বিষয়ক ছবি প্রদর্শন করে জনসাধারণকে তাদের করণীয়’ বিষয়ে পরামর্শ প্রদান করা হয়।

কর্মসূচীতে মোংলা পোর্ট পৌরসভার পক্ষ থেকে মাইকিং করে ডেঙ্গু জ্বর এবং ডেঙ্গু মশা নিয়ে আতঙ্কিত না হয়ে সকলে ঐক্যবদ্ধভাবে সচেতনতার সাথে পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা সহ এবং চিকিৎসকের পরামর্শ নিতে সকলের প্রতি আহবান জানানো হয়।